


প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র
প্রশিকা স্বেচ্ছা আমানত স্কীমের নীতিমালা
(PROSHIKA Voluntary Deposit Scheme-PVDS)
(আগস্ট ২০২৫)



প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

26/9/24
সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

প্রশিকা স্বেচ্ছা আমানত স্কীমের নীতিমালা

সংজ্ঞা :

দরিদ্র মানুষ কোন প্রকার বাধ্যবাধকতার মধ্যে না থেকে জমা ও উত্তোলনের সহজ শর্তে নিজের ইচ্ছায় যে কোন অংকের টাকা জমা রাখবে সেটাই হলো স্বেচ্ছা আমানত। এ স্বেচ্ছা আমানত প্রশিকার সঞ্চয় স্কীমের মধ্যে উল্লেখযোগ্য ও অধিক লাভজনক। সদস্যগণ তাদের ইচ্ছামাফিক যে কোন অংকের টাকা এই স্বেচ্ছা আমানত স্কীমে জমা রাখতে পারবেন এবং যে কোন সময় প্রয়োজনে উত্তোলন করতে পারবেন। তাই দরিদ্র মানুষ তাদের আয়ের একটি অংশ সাধারণ সঞ্চয় থেকে অধিক লাভবানের জন্য এই স্বেচ্ছা আমানত স্কীমে টাকা জমা রাখতে পারবেন।

ভূমিকা :

প্রত্যেক মানুষের ২ ধরনের নিরাপত্তার প্রয়োজন। একটি হলো সামাজিক নিরাপত্তা, অন্যটি হলো অর্থনৈতিক নিরাপত্তা। মূলত: অর্থনৈতিক নিরাপত্তার উপর সামাজিক নিরাপত্তা নির্ভর করে। এই অর্থনৈতিক নিরাপত্তা হলো মানুষের সকল ধরনের কর্মসংস্থান থেকে অর্জিত আয় এবং আয় থেকে ব্যয় করে একটি অংশ ভবিষ্যতের জন্য অর্থ সঞ্চয় করা। এই সঞ্চিতে অর্থই ভবিষ্যতে মানুষের আর্থিক নিরাপত্তা প্রদান করে থাকে।

এখন প্রশ্ন হলো আয় থেকে ব্যয় করে ভবিষ্যতের জন্য সঞ্চিতে অর্থ কোথায় রাখবেন। বর্তমানে বাংলাদেশের অনেক আর্থিক প্রতিষ্ঠান জনগণের সঞ্চিতে অর্থ ফেরত দিতে পারছে না। ফলে এইসব প্রতিষ্ঠানে অর্থ জমা করলে ফেরতের কোন নিশ্চয়তা নেই।

ভবিষ্যতের জন্য সঞ্চিতে অর্থ কোন প্রতিষ্ঠানে জমা করলে আপনার অর্থের নিরাপত্তা থাকবে তা যাচাই করে অর্থ জমা রাখতে হবে। এক্ষেত্রে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র বাংলাদেশে প্রায় ৫০ বছর ধরে এদেশের দরিদ্র মানুষের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে কাজ করে আসছে। এই পঞ্চাশ বছরে প্রশিকা দরিদ্র মানুষের জমাকৃত অর্থ ফেরত দিতে পারেনি বা দেয়নি এমন কোন নজির নেই। জনগণের চাহিদা মোতাবেক নির্দিষ্ট নিয়মনীতি প্রতিপালন করে তাদের জমাকৃত অর্থের নিরাপত্তা নিশ্চিত করেছে এবং চাহিদা অনুযায়ী ফেরত দিচ্ছে। এ কারণে প্রশিকাতে স্বেচ্ছা আমানত স্কীমে যে কোন অংকের টাকা নিশ্চিত জমা রাখতে পারবেন যার নিরাপত্তা শতভাগ। দরিদ্র মানুষের উন্নয়নের স্বার্থে এবং আর্থিক নিরাপত্তার জন্য এ স্বেচ্ছা আমানত স্কীম চালু করা হলো।

জমা প্রক্রিয়া :

কর্মদিবসের যে কোন দিন প্রশিকার শাখা অফিসে এসে নির্দিষ্ট পাশবই ও জমা রশিদের মাধ্যমে এই স্কীমে টাকা জমা করতে পারবেন। প্রতিটি পাশবইয়ের মূল্য হবে ১০/- (দশ) টাকা। এই স্বেচ্ছা আমানত স্কীমে টাকা জমা করার জন্য প্রশিকার কেন্দ্রীয় ব্যবস্থাপকের বরাবর আবেদন করতে হবে। আবেদন ফরমের মূল্য ৫০/- (পঞ্চাশ) টাকা। এই স্কীমে অর্থ জমার কোন নির্দিষ্ট মেয়াদ নেই। সদস্য চাইলে যতদিন খুশি ততদিন রাখতে পারবেন। এ স্বেচ্ছা আমানত স্কীমে অন্তর্ভুক্তি আবেদনপত্রের সাথে সদস্যর জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি, ১ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং নমিনির জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের ফটোকপি, ১ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

আর্থিক সুবিধা / লভ্যাংশ প্রদান :

এই স্বেচ্ছা আমানত স্কীমের অর্থ জমাকারী সদস্যগণ জমার উপর Day Basis এ যথাক্রমে ৮%-১০%-১২% লভ্যাংশ পাবেন। সঞ্চয় জমার ৬ মাসের মধ্যে সঞ্চয় উত্তোলন করলে সেক্ষেত্রে ৮% হারে লভ্যাংশ পাওয়া যাবে। সঞ্চয় জমার ৬ মাস থেকে ১ বছরের মধ্যে উত্তোলন করলে সেক্ষেত্রে লভ্যাংশ পাওয়া যাবে ১০% এবং ১ বছরের অধিক সময় সঞ্চয় জমা রাখলে ও উত্তোলন করলে সেক্ষেত্রে লভ্যাংশ পাওয়া যাবে ১২%। স্বেচ্ছা আমানত স্কীমের লভ্যাংশ সদস্যগণ মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক অথবা বাৎসরিকভিত্তিতে গ্রহণ করতে পারবেন। লভ্যাংশ গ্রহণের সময় ১০/- (দশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প লাগবে যার খরচ সদস্যকে বহন করতে হবে।

উত্তোলন প্রক্রিয়া :


কর্মদিবসের যে কোন দিন প্রশিকার কেন্দ্রীয় ব্যবস্থাপক বরাবর সঞ্চয় উত্তোলনের আবেদন করতে হবে। সংশ্লিষ্ট ব্যবস্থাপকদের সুপারিশের ভিত্তিতে কেন্দ্রীয় ব্যবস্থাপক স্বেচ্ছা আমানত উত্তোলনের আবেদন অনুমোদন করবেন এবং সদস্য তার চাহিদা মোতাবেক অর্থ ফেরত গ্রহণ করবেন। এই প্রক্রিয়া সম্পন্ন করতে সর্বোচ্চ ০৭ (সাত) দিন সময় লাগতে পারে।

প্রগোদনা :

প্রশিকার কেন্দ্রীয় কার্যালয় এবং শাখা অফিস পর্যায়ে যে কোন কর্মী/ব্যবস্থাপক এ স্বেচ্ছা আমানত স্কীমে সঞ্চয় করতে পারলে তিনি ১% প্রগোদনার সম্পূর্ণ অংশ পাবেন। তবে সঞ্চয় ন্যূনতম ৬ মাস জমা না থাকলে কোন প্রকার প্রগোদনা পাবেন না। সঞ্চয় জমা ৬ মাস পূর্ণ হলেই তিনি ১% প্রগোদনার সম্পূর্ণ অংশ পাবেন।

এ স্বেচ্ছা আমানত স্কীম ১ আগস্ট ২০২৫ইং থেকে কার্যকর হবে।

ধন্যবাদান্তে,


সিরাজুল ইসলাম
২৬/৭/২৫
প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

প্রশিকা স্বেচ্ছা আমানত স্কীমের পাশবই

(PROSHIKA Voluntary Deposit Scheme-PVDS)

শাখার নাম : -----

শাখা কোড : -----

পাশবই নং : -----

সদস্যের নাম : -----

সদস্য কোড : -----

সমিতির নাম : -----

সমিতি কোড : -----

গ্রাম/মহল্লা : -----

ইউনিয়ন / ওয়ার্ড : -----

উপজেলা/থানা : -----

জেলা : -----

মোবাইল নং : -----

শাখা ব্যবস্থাপক/ক্যাশিয়ারের স্বাক্ষর

নাম : -----

কর্মী নম্বর : -----

সংশ্লিষ্ট উন্নয়ন কর্মীর স্বাক্ষর

নাম : -----

কর্মী নম্বর : -----

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র
উন্নয়ন বিভাগ
সি.আর.ও. কক্ষ
১০০, বঙ্গবন্ধু সড়ক
ঢাকা-১০০

[illegible]

বরাবর

কেন্দ্রীয় ব্যবস্থাপক

শাখার নাম : -----, শাখা কোড : -----

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

আবেদনকারীর
পাসপোর্ট সাইজের
রঙিন ছবি

বিষয় : প্রশিকা স্বেচ্ছা আমানত স্কিমের সদস্য হিসেবে অন্তর্ভুক্তির আবেদন।

তারিখ : -----

জনাব,

আমি ----- পিতা/স্বামী ----- সমিতির নাম -----

সমিতি কোড ----- সদস্য কোড ----- গ্রাম/মহল্লা -----

ইউনিয়ন/ওয়ার্ড ----- উপজেলা/থানা ----- জেলা -----

প্রশিকা স্বেচ্ছা আমানত স্কিমের নীতিমালার যাবতীয় বিষয় বিশেষভাবে অবগত হয়ে উক্ত স্কিমের সদস্য হিসেবে টাকা জমা রাখার আবেদন করছি।

জমার পরিমাণ : ----- টাকা, কথায় (-----) টাকা

নমিনীর তথ্য :

আমার মৃত্যুর পর নিম্নলিখিত নমিনী / নমিনীগণ উল্লেখিত হারে আমার পাওনা টাকার মালিকানা হবেন।

নমিনী নাম	বয়স	সম্পর্ক	অংশ

আমি প্রশিকা স্বেচ্ছা আমানত স্কিমের যাবতীয় শর্তাবলী বিশেষভাবে অবগত হয়েছি এবং তা স্বেচ্ছায় পালনের অঙ্গীকার করছি।

আবেদনকারীর স্বাক্ষর

নাম -----

সংশ্লিষ্ট কর্মীর সুপারিশ : -----

স্বাক্ষর : -----

নাম : -----

দায়িত্ব : -----

কর্মী নং : -----

অনুমোদনকারীর স্বাক্ষর

নাম : -----

দায়িত্ব : -----

কর্মী নং : -----

সংযুক্তি : (১) আবেদনকারীর এককপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও জাতীয় পরিচয়পত্র/নিবন্ধনের ফটোকপি।

(২) নমিনীর এককপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের ফটোকপি।

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র
প্রশিকা স্বেচ্ছা আমানত ক্ষীমের সমন্বয় আদায়ের পরিকল্পনা
বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (অর্থ বৎসর : ২০২৫-২০২৬)

শাখার নাম : -----

কোড নং : -----

ক্র. নং	কর্মীর নাম ও কর্মী নম্বর	স্থিতি (জুন '২৫)	মাসভিত্তিক স্বেচ্ছা আমানত ক্ষীমের সমন্বয় আদায়ের পরিকল্পনা (টিকায়) : ২০২৫ - ২০২৬										বছর শেষে মোট		
			জুলাই '২৫	আগস্ট '২৫	সেপ্টে: '২৫	অক্টো: '২৫	নভে: '২৫	ডিসে: '২৫	জানু '২৬	ফেব্রু '২৬	মার্চ '২৬	এপ্রিল '২৬		মে '২৬	জুন '২৬
১		০													
২		০													
৩		০													
৪		০													
৫		০													
৬		০													
৭		০													
৮		০													
শাখার মোট			০												

শাখা ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ -----

এলাকা ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ -----

বিভাগীয় ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ -----

কেন্দ্রীয় ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ -----

অনুমোদনকারী পরিচালকের স্বাক্ষর
নামঃ -----